

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
প্রশাসন ও সংস্থাপন শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.১৮.০৭৯.১৮.৫৯৬

তারিখ: ১৪ আষাঢ় ১৪২৫

২৮ জুন ২০১৮

বিষয়: '১২১ তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন (এসিএডি) কোর্স'-এ অংশগ্রহণ থেকে অব্যাহতি প্রদান।

সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয়ের পত্র নং-০৫.০০.০০০০.২০০.০১২.০১১.১৮-৮৪, তারিখ : ১৪/০৬/২০১৮।


উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর উপসচিব সৈয়দ আলী রেজা (পরিচিতি নং-৭৫৪৮)-কে বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার, ঢাকায় আগামী ০৯ জুলাই হতে ১৬ সেপ্টেম্বর ২০১৮ তারিখ পর্যন্ত অনুষ্ঠিতব্য "১২১ তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন (এসিএডি)" কোর্সে মনোনয়ন প্রদান করা হয়েছে।

০২। উপসচিব সৈয়দ আলী রেজা জানিয়েছেন যে, ২০১৫ সালে তাঁর বাম কিডনিতে Malignancy ধরা পড়ায় সার্জারির মাধ্যমে কিডনিটি অপসারণ করা হয়। এর পরেও তিনি ১০৭তম এসিএডি কোর্সে অংশগ্রহণের জন্য আবেদন করেন। তাঁর post surgery check-up এপ্রিল ২০১৬ মাসে পূর্বনির্ধারিত থাকায় ০৬ মার্চ ২০১৬ খ্রিস্টাব্দ থেকে শুরু হওয়া "১০৭ তম এসিএডি কোর্স"-এ যোগদান করা সম্ভব হয়নি। পরবর্তীতে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে তাঁকে ০৪/১২/২০১৬ তারিখ থেকে শুরু হওয়া "১১২তম এসিএডি কোর্স"-এ মনোনীত করা হলেও তিনি বিসিএস প্রশাসন একাডেমিতে "৫ম Master's in Public Policy & Management (MPPM)" কোর্সে প্রশিক্ষণরত থাকায় অংশগ্রহণ করতে পারেননি। উল্লেখ্য, ২০১৫ খ্রিস্টাব্দের মে মাসে উল্লিখিত সার্জারির পর থেকে তিনি সংশ্লিষ্ট সার্জনের তত্ত্বাবধানে রয়েছেন। বর্তমানে তিনি খাওয়া-দাওয়া ও চলাফেরায় পূর্বের চেয়ে অধিক সাবধানতা অবলম্বন করে জীবন-যাপন করছেন। শারীরিক এই অবস্থায় ৭০ (সত্তর) দিন-ব্যাপী অনুষ্ঠিত "১২১ তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন (এসিএডি) কোর্স"-এ অংশগ্রহণ করা তাঁর পক্ষে দুষ্কর।

০৩। এমতাবস্থায়, উপসচিব সৈয়দ আলী রেজা (পরিচিতি নং-৭৫৪৮)-কে আগামী ০৯ জুলাই ২০১৮ তারিখ হতে শুরু হওয়া "১২১ তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্স (এসিএডি)" থেকে অব্যাহতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁর স্ব-ব্যখ্যাত আবেদনপত্রটি সুপারিশসহ এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত : বর্ণনা মোতাবেক।

সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ  
সচিবালয়, ঢাকা [দু:আ: সিনিয়র সহকারী সচিব, অভ্যন্তরীণ  
প্রশিক্ষণ-১ শাখা]।



২৮-৬-২০১৮

মোঃ শামসুল আলম

সিনিয়র সহকারী সচিব (প্রতিকল্প)

ফোন: ৯৫৪৯১৩০


ইমেইল: sas\_admin1@moedu.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.১৮.০৭৯.১৮.৫৯৬/১(৭)

তারিখ: ১৪ আষাঢ় ১৪২৫  
২৮ জুন ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) রেজ্ট্রার, বিপিএটিসি, সাভার, ঢাকা।
- ২) অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) অতিরিক্ত সচিব, বিশ্ববিদ্যালয় অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) উপসচিব (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫) সৈয়দ আলী রেজা, উপসচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



২৮-৬-২০১৮

মোঃ শামসুল আলম  
সিনিয়র সহকারী সচিব (প্রতিকল্প)